


# ৬ষ্ঠ জাতীয় ভাস্কর্য প্রদর্শনী ২০২৩

## 6th National Sculpture Exhibition 2023

## নীতিমালা

সৃজনশীল বাংলাদেশ

বাংলাদেশ শিল্পকলা একাডেমি

# নীতিমালা

## এক

### প্রদর্শনীতে যে সকল ভাস্কর্য স্থান পাবে

ভাস্কর্য/ত্রিমাত্রিক শিল্পকর্ম : যে কোন মাধ্যম (মাটি, কাঠ, সিমেন্ট, পাথর, ধাতু, প্লাস্টার, ফাইবার গ্লাস সিরামিকসহ নতুন মাধ্যমে হতে পারে)

## দুই

### প্রদর্শনীতে অংশগ্রহণের সাধারণ নিয়মাবলী

ক. প্রদর্শনীতে অংশগ্রহণের উদ্দেশ্যে প্রথম পর্যায়ে নির্বাচনের জন্য বিভিন্ন দিক থেকে তোলা ভাস্কর্যের কালার ফটোগ্রাফ/ডিজিটাল ইমেজ/ম্যাক/মডেল জমা দিতে হবে।

খ. কালার ফটোগ্রাফ 5R সাইজ/ডিজিটাল মাধ্যম/রেখাচিত্রে স্পষ্ট বোধগম্য হতে হবে।

গ. ২১ বছরের ঊর্ধ্বে বাংলাদেশের সকল ভাস্কর্য শিল্পী এ প্রদর্শনীতে অংশগ্রহণ করতে পারবেন। এ প্রদর্শনীতে অংশগ্রহণের উদ্দেশ্যে ভাস্কর্য নির্বাচনের জন্য সাম্প্রতিককালের (২০২১-২০২৩) তিনটি ভাস্কর্যের কালার ফটোগ্রাফ/ডিজিটাল ইমেজ/ম্যাক/মডেল জমা দিতে পারবেন। তবে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে পূর্বে অনুষ্ঠিত কোন প্রদর্শনীতে প্রদর্শিত ভাস্কর্যসমূহ গ্রহণযোগ্য হবে না।

ঘ. ভাস্কর্যের মাপ : উন্মুক্ত (প্রদর্শনী উপযোগী)

ঙ. প্রতিটি ভাস্কর্যের জন্য তিন দিক থেকে তোলা তিনটি করে রঙিন আলোকচিত্র/ডিজিটাল ইমেজ/রেখাচিত্র জমা দিতে হবে।

চ. প্রতিটি ভাস্কর্যের কালার ফটোগ্রাফের পিছনে শিল্পকর্মের শিরোনাম, ক্রমিক নম্বর (একাধিক ভাস্কর্যের ক্ষেত্রে) ও Top (↑) চিহ্ন উল্লেখ করতে হবে।

১. শিল্পীর নাম (বাংলা ও ইংরেজিতে), যোগাযোগের ঠিকানা, জন্ম তারিখ, ই-মেইল আইডি, মুঠো ফোন নম্বর, ভাস্কর্যের শিরোনাম, মাধ্যম, বছর, আয়তন এবং প্রতিটি ভাস্কর্যের জন্য আলাদাভাবে ১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে সংক্ষিপ্ত ব্যাখ্যা (কনসেপ্ট নোট) হার্ড কপি ও সফ্‌ট কপি (বিজয় ৫২) জমা দিতে হবে।

২. বিক্রির জন্য হলে শিল্পকর্মের মূল্য কথায় ও অংকে লিখতে হবে।

৩. ‘প্রতিযোগিতার জন্য’ অথবা ‘প্রতিযোগিতার জন্য নয়’ উল্লেখ করতে হবে।

ছ. ভাস্কর্যসমূহের রঙিন ফটোগ্রাফ/ডিজিটাল ইমেজ/ম্যাকে আগামী ০৩ সেপ্টেম্বর থেকে ৩০ নভেম্বর, ২০২৩-এর মধ্যে অফিস চলাকালীন পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় পৌঁছাতে হবে। ডাকযোগে, কুরিয়ার সার্ভিসযোগে অথবা ইমেইল :

bsasculptureexhibition@gmail.com (যে কোন ১টি মাধ্যমে পাঠাতে হবে) প্রেরণ করা হলে এমনভাবে পাঠাতে হবে যেন নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে পারে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ভাস্কর্যের কোন তথ্যাদি গ্রহণযোগ্য হবে না।

জ. আলোকচিত্রসহ শিল্পীর সংক্ষিপ্ত পরিচিতি এবং নিবন্ধনফরম অবশ্যই পূরণ করে দিতে হবে।

ঝ. ভাস্কর্য নির্বাচন কমিটি কর্তৃক ফটোগ্রাফ/ডিজিটাল ইমেজ/ম্যাকে দেখে নির্বাচন কাজ সম্পন্ন হওয়ার পর ১০ ডিসেম্বর, ২০২৩ তারিখে নির্বাচিত ভাস্কর্যের তালিকা বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালার নোটিশ বোর্ডে এবং অনলাইনে প্রকাশ করা হবে। এছাড়া ভাস্কর্য শিল্পীদেরকে চিঠির মাধ্যমেও জানানো হবে।

ঞ. ২৩ ডিসেম্বর, ২০২৩ অফিস চলাকালীন সময়ে মূল ভাস্কর্য সংশ্লিষ্ট শিল্পী নিজ দায়িত্বে একাডেমিতে জমা প্রদান করবেন।

ট. প্রদর্শনীতে বিক্রয়লব্ধ ভাস্কর্যের মূল্য থেকে বিধি মোতাবেক শতকরা ১৫/- (পনেরো) টাকা হারে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কমিশন গ্রহণ করবে।

ঠ. প্রদর্শনীর জন্য জমা দেয়া যে কোন ভাস্কর্যের আলোকচিত্রের মুদ্রণ ও পুনর্মুদ্রণের অধিকার বাংলাদেশ শিল্পকলা একাডেমির থাকবে। শিল্পীর অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমি বাণিজ্যিকভাবে শিল্পীর ভাস্কর্যের ফটোগ্রাফ ব্যবহার করতে পারবে।

ড. প্রদর্শনীর জন্য জমাকৃত কোন ভাস্কর্য ক্ষতিগ্রস্ত হলে একাডেমি তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে না। তবে কোন প্রকার ক্ষতি যাতে না হয় সে বিষয়ে পূর্ণ সতর্কতা অবলম্বন করা হবে।

ঢ. ঢাকা মহানগরীর ক্ষেত্রে ১০ দিন, অন্যান্য স্থানের ক্ষেত্রে প্রদর্শনী সমাপ্তির ১৫ দিনের মধ্যে অংশগ্রহণকারী শিল্পীদেরকে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা থেকে তাঁদের শিল্পকর্ম নিজ দায়িত্বে ফেরত নিয়ে যেতে হবে। এই সময়সীমার পর শিল্পকর্মের কোন ক্ষতি হলে এ ব্যাপারে বাংলাদেশ শিল্পকলা একাডেমির কোন দায়-দায়িত্ব থাকবে না। এছাড়া নির্দিষ্ট সময়ের মধ্যে শিল্পকর্ম ফেরত না নিলে উক্ত শিল্পকর্মের স্বত্ব বা কপিরাইট শিল্পীর নিকট থাকবে না এবং শিল্পী পরবর্তীতে শিল্পকলা একাডেমির কোন প্রদর্শনীতে অংশগ্রহণ করতে পারবেন না।

## তিন

## পুরস্কার ও প্রতিযোগিতার নিয়মাবলী

প্রদর্শনীতে প্রদর্শিত শ্রেষ্ঠ ভাস্কর্যের জন্য 'জাতীয় ভাস্কর্য পুরস্কার ২০২৩' নামে একটি পুরস্কার প্রদান করা হবে, এই পুরস্কারের মান - ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা, ২য় পুরস্কার ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ৩য় পুরস্কার ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। এছাড়াও ১০টি সম্মাননা পুরস্কার প্রদান করা হবে। প্রতিটি পুরস্কারের মান ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

## চার

প্রদর্শনীর জন্য ভাস্কর্য নির্বাচনের ব্যাপারে বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও একাডেমি কর্তৃক গঠিত শিল্পকর্ম নির্বাচন কমিটি এবং পুরস্কারের ব্যাপারে বিচারকমণ্ডলী সর্বপ্রকার দায়িত্বপ্রাপ্ত হবে এবং তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। অংশগ্রহণকারী শিল্পী অথবা অন্য কারো এ সম্পর্কে কোন অভিযোগ কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না।

## পাঁচ

প্রদর্শনীর জন্য নির্বাচিত শিল্পকর্মের আলোকচিত্রের সাথে মূল শিল্পকর্মের মান যথাযথ না হলে সেসব শিল্পকর্ম বাতিল বলে বিবেচিত হবে।

## ছয়

প্রদর্শনীর জন্য যাঁরা শিল্পকর্ম প্রেরণ করবেন তাঁরা উপরোক্ত নীতিমালা ও প্রয়োজনবোধে পরবর্তীকালে এই নীতিমালা সংশোধন ও সম্প্রসারণ মানতে স্বীকৃত হয়েছেন বলে বিবেচিত হবে।

## সাত

প্রদর্শনী সংক্রান্ত সকল যোগাযোগ পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় করতে হবে।

bsasculptureexhibition@gmail.com
2223380602
01914 854 812, 01552 313 761

সৃজনশীল বাংলাদেশ

বাংলাদেশ শিল্পকলা একাডেমি
Bangladesh Shilpakala Academy